

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
(উপজেলা-১ শাখা)  
(www.lgd.gov.bd)

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

নং- ৪৬.০৪৬.০১১.০০.০০.০০৪.২০১৪- ৪০৬

তারিখ : ৭ মার্চ ২০১৮

বিষয় : কিশোরগঞ্জ জেলার হোসেনপুর উপজেলা পরিষদে সাঁট মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর পদে অস্থায়ীভাবে জনবল নিয়োগের ছাড়পত্র প্রদান।

সূত্র : উপজেলা পরিষদ কার্যালয়, হোসেনপুর, কিশোরগঞ্জ-এর স্মারক নং-উপকা/হোসেন/কিশোর/১৭-১২; তারিখ: ২০ নভেম্বর ২০১৭।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে কিশোরগঞ্জ জেলার হোসেনপুর উপজেলা পরিষদে “সাঁট মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর” পদে জনবল নিয়োগের ক্ষেত্রে মাননীয় আদালতে কোন মামলা বা নিষেধাজ্ঞা না থাকলে উক্ত উপজেলা পরিষদের “সাঁট মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর” এর ০১টি শূন্য পদে জনবল নিয়োগের ছাড়পত্র নিম্নোক্ত শর্তে প্রদান করা হলো :

ক্রমিক	জেলা ও উপজেলার নাম	পদের নাম	পদ সংখ্যা	বেতন স্কেল (জাতীয় বেতনস্কেল, ২০১৫)	মন্তব্য
১.	হোসেনপুর, কিশোরগঞ্জ	সাঁট মুদ্রাক্ষরিক কাম - কম্পিউটার অপারেটর	০১(এক)টি	১০২০০-২৪৬৮০/- (১৪নং গ্রেড)	

নিয়োগের শর্তাবলী:

- নিয়োগপ্রাপ্ত কর্মচারীর বেতন-ভাতাদি উপজেলা পরিষদের ২০১৭-২০১৮ অর্থ বছরে স্থানীয় সরকার বিভাগের কোড নং- ৩৬০১ উপজেলা-হস্তান্তরিত বিষয়াবলী, ৫৯০০ সাহায্য, মঞ্জুরী খাতের ৫৯০১ সাধারণ মঞ্জুরী উপখাত হতে নির্বাহ করা হবে।
- বর্ণিত কর্মচারী নিয়োগের ক্ষেত্রে স্থানীয় সরকার বিভাগ হতে ৩০ নভেম্বর, ২০১০ তারিখে জারীকৃত উপজেলা পরিষদ কর্মচারী (চাকুরী) বিধিমালা, ২০১০ (এস.আর.ও নং-৩৮৭-আইন/২০১০) ও এতদসংক্রান্ত বিদ্যমান সকল পরিপত্র/নীতিমালা/সার্কুলার/বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ নিশ্চিত করতে হবে।
- উল্লিখিত পদ সংরক্ষণ ও স্থায়ীকরণে মন্ত্রিপরিষদ বিভাগের ০৩.০৫.২০০৩ তারিখের মপবি/কগবিঃশা/কপগ-১১/২০০১-১১১ সংখ্যক সরকারি আদেশের নির্দেশনা অনুসরণ করতে হবে।
- বর্ণিত পদে চূড়ান্তভাবে নিয়োগপ্রাপ্ত কর্মচারীর নাম, পিতা ও মাতার নাম, পদবী, ঠিকানা (স্থায়ী ও অস্থায়ী), বেতনগ্রেড, শিক্ষাগত যোগ্যতা, যোগদানের তারিখ ইত্যাদি উল্লেখপূর্বক সংশ্লিষ্ট উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার এর নামযুক্ত সীলসহ স্বাক্ষরে সরাসরি যুগ্ম-সচিব(উপজেলা), স্থানীয় সরকার বিভাগ বরাবর প্রেরণ নিশ্চিত করতে হবে।
- এ ছাড়পত্রের মেয়াদ আগামী ০৬ সেপ্টেম্বর ২০১৮ তারিখ পর্যন্ত বলবৎ থাকবে।

JAM  
০৭/০৩/২০১৮  
(ড. জুলিয়া মজিন)  
উপসচিব  
ফোন : ৯৫৬২২৪৭

বিতরণ(কার্যার্থে):

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হোসেনপুর, কিশোরগঞ্জ।

২। উপজেলা নির্বাহী অফিসার, হোসেনপুর, কিশোরগঞ্জ।

অনুলিপি:

১। জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।

২। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, ৮৩/বি, নিউ সার্কুলার রোড, মৌচাক টাওয়ার (১১তলা), মালিবাগ, ঢাকা।

৩। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, হোসেনপুর, কিশোরগঞ্জ।

৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।